ইকো নিউজ লেটার

ইকো ভবণ

প্রতিষ্ঠাতা
ড. মোঃ মোস্তফা জামান

সম্পাদনায়
ড. জসিমউদ্দিন আহমেদ

সহকারী সম্পাদনায়
ফখরুল আলম ফারুক

এখলাসপুর সেন্টার অফ হেলথ (ইকো)
এখলাসপুর, মতলব উত্তর, চাঁদপুর ৩৬৪১
ই-মেইল : echochandpur@yahoo.com
Web Site : ohttp://www.gecocities.ws/ecoh1999bd/

একযুগে ইকোর অর্জন

১৯৯৯ সনে ইকোর যাত্রা শুরু। এটা সর্বজন বিদিত যে মতলব উত্তর উপজেলা একটা সুবিধা বঞ্চিত এলাকা। এখলাসপুর গ্রাম বা ইউনিয়ন তার ব্যতিক্রম নয়। যাত্রার শুরুতে আমরা একটি প্রাথমিক জরীপ চালাই। প্রাপ্ত তথ্য মতে মৃত্যুর আগে এখলাসপুরবাসী প্রায় সকলেই কোন পাশ করা (এমবিবিএস) ডাক্তার দিয়ে চিকিৎসা করতে পারেননি। এমনি অনেকে জীবনে কখনো এমবিবিএস ডাক্তাদের চেহারাও দেখেননি। অনেক গর্ভবতী মা অকালে মৃত্যুবরণ করেছেন। যাদের প্রায় সকলকেই বাঁচানো সম্ভব ছিল উপযুক্ত চিকিৎসা দিয়ে। ইকোর গর্ভবতী মায়েদের সেবা কার্যক্রমের জন্য আজ মাতৃমৃত্যু অনেক কমেছে। অনুর্ধ পাঁচ বয়সের শিশুদের মৃত্যুর হারও কমেছে। এখলাসপুরের উচ্চ রক্তচাপ রোগীদের খুঁজে বের করে চিকিৎসা দেয়া হচ্ছে। সাথে সাথে বহুমূত্র রোগীদেরকেও চিকিৎসা দেয়া হচ্ছে। তামাকের ব্যবহার কমেছে এক চতুর্থাংশ। এটি অনুশীল বিশ্বের জন্য একটি অনন্য মডেল এজন্য ইকো একটি আন্তর্জাতিক মডেল অর্জন করেছে। বাতজ্বর ও বাতজ্বর জনিত হৃদরোগ এবং স্ট্রোকের সমস্ত রুগীদের রেজিষ্ট্রি তৈরি করা হয়েছে। ২০০১ সন থেকে পূর্ণাঙ্গ জন্ম-মৃত্যু নিবন্ধন চলছে। সমস্ত তথ্য উপাত্ত কম্পিউটারে রাখা হচ্ছে। এটি ডিজিটাল বাংলাদেশের একটি প্রকৃষ্ট উদাহরণ।

সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারী উদ্যোগে বড় বড় শহরে হাসপাতাল গড়ে উঠলেও গ্রামে এ ধরনের উদাহরণ বিরল। আমরা সকলে সচেষ্ট হলে একদিন 'ইকো' বাংলাদেশে গ্রামীণ স্বাস্থ্য সেবার একটি উৎকৃষ্ট মডেল হিসাবে মাথা উঁচু করে দাঁড়াবে বলে আশা রাখি।

ড. মোঃ মোস্তফা জামান
প্রতিষ্ঠাতা, ইকো

Aetivities 2010

২০১০ সনে ইকোর কার্যক্রমের বিশেষ অংশ নিম্নে দেয়া হল :

Aetivities		Number
Out-patient treatment	new	739
	old	484
	total	1,223
Pregnant women's checkup	new	80
	old	62
	total	182
Treatment camp		3
Advocacy Meeting		4
Blood prcssure clinic	new patiant	19
	old patiant	109
	total patiant	128
Diagnostic test	urine	137
	blood	271
	total tests	408
Birth and Death Registry	birth	66
	death	31

ইহা ছাড়াও ইকো বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সার্ভে সম্পন্ন করেছে। নিয়মিত জন্ম-মৃত্যুর নিবন্ধন চলছে। ইকোর তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম জাতীয় ও আন্তর্জাতিকভাবে সমাদৃত হয়েছে। একুশে টেলিভিশন দেশজুড়ে অনুষ্ঠানে এই কার্যক্রম প্রচার করেছে।

অধ্যাপক এম এ জলিল চৌধুরী রোগী দেখছেন



অধ্যাপক সৈয়দ আতিকুল হক রোগী দেখছেন

বাত ও বাতজ্বর ক্যাম্পে অপেক্ষমান রোগীদের একাংশ

বাত ও বাতজ্বর চিকিৎসা ক্যাম্পে চিকিৎসকগণ

Financial Statement of ECOH 2010

Description	Taka
A.Balance forward	137,840
B.Income	
1. Members fee	0
2. Consultation fee	42,120
3. Laboratory charges	40,310
4. treatment	0
5. Loan received	0
6. Donation	98,810
7. Project grant	77,163
8. Bank interest	745
9. Miscelleneous	13,900
Total income	273,048
C.BF plus total income (A+B)	410,888
D.Expenditure	
1. Printing	23,000
2. Sallary and allowance	193,076
3. Office stationeray	3,186
4. Equipments (Generator)	27,700
5. Reagent and laboratory accessories	3,840
6. Furniture	0
7. Land Development	1,350
8. Loan payment	0
9. Conveyance	80
10. Computer and accessories	5,563
11. Electricity/gas bill	11,059
12. Postage	34
13. Telephone bill	0
14. Newspaper	0
15. Refreshment	1,794
16. Builing and construction	92,664
17. Campaign/advocacy meeting	12,364
18. Medicine	1,971
19. Bank charges	2,345
20. Miscellenous	12835
Total	392,861
E.Balance (C-D)	18,027

President Secretary General Treasurer Auditor

Donation 2010

Donor	Taka
Dr. M Mostafa Zaman	45,550
Mr. Yano, Ms Nagasawa & Mr. Tsuchiya	33,260
Dr. Kawsar Parvin	10,000
Mr. Rajjab Ali	10,000
Total	98,810

স্বেচ্ছাসেবী চিকিৎসকগণ

প্রথম শুক্রবার

ড. মোঃ মোস্তফা জামান
এমবিবিএস, এমপিএইচ,পিএইচডি

দ্বিতীয় শুক্রবার

ডাঃ সরকার মোঃ নোমান
এমবিবিএস, এমপিএইচ

তৃতীয় শুক্রবার

ড. জসিমউদ্দিন আহমেদ
এমডি, এমসিপিএস,পিএইচডি

চতুর্থ শুক্রবার

ডাঃ মোঃ সাদেকুল ইসলাম
এমডি, সিআলট্রা, পিজটি (সার্জারী)

পঞ্চম শুক্রবার

ড. সোহেল রেজা চৌধুরী
এমবিবিএস, এম মেড সাইন্স, পিএইচডি

তামাক নিয়ন্ত্রণে গণসচেতনা

তামাক নিয়ন্ত্রণের জন্য জনসচেতনতা অতীব জরুরি। এই লক্ষে এলাকায় গণ্যমান্য ব্যাক্তিদের নিয়ে সভা, বিশ্ব তামাকমুক্ত দিবস পালন, বহিঃবিভাগ এবং উচ্চ রক্তচাপ ক্লিনিকে তামাক নিবারণের জন্য উদ্বুদ্ধকরণ ইত্যাদি কার্যক্রম পরিচালিত হয়েছে।

বিশেষ কার্যক্রম হিসাবে পাঁচ হাজার ক্যালেন্ডার ছাপানো হয়েছে। এলাকার সকল স্কুল ও মাদ্রাসায় ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ করা হয়েছে। এলাকায় তামাক সম্পর্কে সচেতনতা বাড়াতে এটি একটি মাইলফলক হিসাবে কাজ করেছে। বিভিন্ন স্কুলে বিতরণের একটি হিসাব নিচে দেয়া হলো ঃ-

এখলাসপুর প্রাথমিক বিদ্যালয়	৪০০
এখলাসপুর উচ্চ বিদ্যালয়	৭০০
এখলাসপুর দক্ষিণ প্রাথমিক বিদ্যালয়	৩০০
মাল বাড়ি প্রাথমিক বিদ্যালয়	৪০০
ঢালি বাড়ি প্রাথমিক বিদ্যালয়	৪০০
হাসিমপুর প্রাথমিক বিদ্যালয়	২০০
ইব্রাহীম হুজুর মাদ্রাসা	১০০
হাসিমপুর মাদ্রাসা	৬০০
মোহনপুর প্রাথমিক বিদ্যালয়	২০০
মাথাভাঙ্গা প্রাথমিক বিদ্যালয়	১০০
মাথাভাঙ্গা উচ্চ বিদ্যালয়	৭০০
অন্যান্য	

ইহা ছাড়াও স্কুলে, মাদ্রাসায় এবং পাড়ায় পাড়ায় জারী গানের ব্যবস্থা করা হয়। স্টিকার লিফলেট বিতরণ করা হয়।

তামাক নিয়ন্ত্রণে গণসচেতনতার জন্য জারী গান

তামাক নিয়ন্ত্রণে গণসচেতনতার জন্য নাটক

সংবাদ মাধ্যমে ইকোর ইমেজ

সোমবার ৮ অগ্রহায়ণ ১৪১৭
Monday 22 November 2010 | দৈনিক ইত্তেফাক

মতলব উত্তর : উপজেলার এখলাছপুরস্থ ইকো হাসপাতাল -ইত্তেফাক

মতলবে গরীবদের চিকিৎসা কেন্দ্র 'ইকো'

■ মতলব উত্তর (চাঁদপুর) সংবাদদাতা

যোগাযোগ প্রতিকূল ও চরাঞ্চল সমৃদ্ধ ৫ লক্ষাধিক জনবসতির গ্রামীণ মতলব উত্তর উপজেলার নির্মিত গরীবদের চিকিৎসাকেন্দ্র 'ইকো' স্বাস্থ্যসেবায় মাইলফলক। ঢাকায় বাতজ্বর ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক মতলব উত্তর উপজেলার এখলাছপুরে নিজ বাড়ি সংলগ্ন ১১২০ বর্গফুট জমির উপর নির্মিত (ইকো) এখলাছপুর সেন্টার অব হেলথ-এর ত্রিতল ভবনটি উপজেলার গরীব মানুষের কাছেই বেশি জনপ্রিয়।

জানা যায়, এই স্বাস্থ্যকেন্দ্র নির্মাণে ডা. মোস্তফা জামানের বন্ধু জাপানী নাগরিক মিসাও ইয়ানো সক্রিয় ভূমিকা পালন করেন এবং এ কাজে সহযোগিতা করেছেন। ইকো'তে বিশেষ করে শিশুদের বাতজ্বর,হৃদরোগ এবং মা ও শিশুদের বিশেষজ্ঞ ডাক্তারের তত্ত্বাবধানে চিকিৎসা দেয়া হয়। এখানে ঢাকা বাতজ্বর ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ডা: মোস্তফা জামান, ঢাকা হৃদরোগ ইনস্টিটিউটের প্যাথলজি বিশেষজ্ঞ ডা: জসিম উদ্দিন ও ডঃ মামুনুর রশিদের মতো উঁচু মানের চিকিৎসকরা গ্রামাঞ্চলের দরিদ্র রোগীদের মাত্র ৪০ টাকার নামমাত্র ফি নিয়ে চিকিৎসা সেবা দিচ্ছেন। এ ব্যাপারে স্থানীয় সিরাজুল ইসলাম রাঢ়ী (৬০) বলেন, চিকিৎসাসেবা থেকে বঞ্চিত গ্রামীণ এই উপজেলার গরীব মানুষের হাতের কাছে আধুনিক চিকিৎসা পৌঁছে দেয়া ইকো'র এই স্বাস্থ্যসেবা সত্যিই মাইলফলক।

এখানে নিয়মিত প্যাথলজিক্যাল সেবার পাশাপাশি মাসের প্রথম ও শেষ শুক্রবার সারাদিন বিশেষজ্ঞ ডাক্তারের মাধ্যমে চিকিৎসাসেবা দেয়া হয়ে থাকে। রোগীদের দীর্ঘ লাইনে বসে থাকা লুধুয়া অঞ্চলের ছিদ্দিকুর রহমান (৭২) এর সাথে কথা হলে তিনি বলেন, ঢাহা যাওনের ক্ষেমতা আমগো নাই, এই ডাকতার খানাডা না থাকলেতো বাবা আমাগো গরীবগো যে কোন উপায় ছিল না।

ইকোর প্রতিষ্ঠাতা ডা: মোস্তফা জামান বলেন, চিকিৎসাসেবায় আমার উপজেলার দরিদ্র জনগোষ্ঠীর জন্য আমি কিছু করতে পারছি সেজন্য তৃপ্ত।